To identify what we mean by this novelistic reading of Krittibas, we may enter into a comparison with Tulsidas's 'Ram Charita Manas' written in the mid-sixteenth century. Apart from the fact that Tulsidas presents an authentic text by an individual and so cannot have the authorial collectivity of the text of Krittibas, the authenticity of Tulsi is

দেবতারই ত তার বল। মত্ত হস্তীকেও সামান্য অঙ্কুশ বশে আনে। কামদেব পুষ্পবাণ নিয়ে সমস্ত ভুবনকে বশে রেখেছেন। হে দেবী: একথা জেনে সংশয় ত্যাগ করো। শোনো রাণী, এ ধনুক রামই ভাঙবে। সখীর কথা শুনে তাঁর প্রত্যয় হল, বিষাদ দূর হল, বিষাদ দূর হল, প্রসন্ন হলেন তিনি। ঐ সময় রামকে দেখে সীতা সভয়ে যাঁকে মনে হল সেই দেবতাকেই মিনতি করতে লাগলেন। তিনি বিচলিত হয়ে মনে - মনে বললেন - হে মহেশ্বর, হে ভবানী, তোমাদের সেবিকার মনোবাসনা পূর্ণ করো, দয়া করে ধনুকের ভার লাঘব করো। হে বরদাতা গণেশ: আজ অবধি তোমার সেবা করেছি। বারবার আমার মিনতি শুনে ধনুকের ভার কমিয়ে দাও। রঘুবীরের দেহ দেখে ধৈর্যধারণ করে দেবতাদের প্রসন্ন করতে লাগলেন। প্রেমাশ্রুতে চোখ ভরে গেল, শরীর হল রোমাঞ্চিত। ভাল করে চেয়ে-চেয়ে তাঁর রূপ দেখলেন কিন্তু পিতার পণ স্মরণ করে বিক্ষুব্ধ হল মন। হায়, পিতা কি কঠিন জিদ ধরেছেন: লাভ বা ক্ষতি কিছুই তিনি বুঝে দেখেন নি। সচিবেরাও ভয়ে কোনো পরামর্শ দেন নি, পন্ডিত সমাজেও তাঁর এই পণ সমর্থন করাটা অনুচিত হয়েছে। কোথায় বজ্রকঠিন এই ধনুক আর কোথায় শ্যামল কোমল দেহ কিশোর। হে বিধাতা হৃদয়ে ধৈর্য ধারণ করব কেমন করে? মাথার ফুলে হীরা কেমন করে বিদ্ধ করা যাবে, সমস্ত সভার বুদ্ধিই যেন বিকল। এখন হে হরধনু আমি তোমারই শরণ নিলাম। (হে ধনু) তুমি নিজের কঠোরতা লোকদের মধ্যে ছড়িয়ে দিয়ে রামের দিকে তাকিয়ে হালকা হও। সীতার মনে অত্যন্ত দুঃখ, এক নিমেষ যেন তাঁর কাছে এক যুগের সমান। রামের দিকে তাকিয়ে আবার পৃথিবীর দিকে তাকালেন সীতা। তাঁর চোখ এমন সুন্দর দেখালো যেন চন্দ্র-মণ্ডলরূপ ডোলের মধ্যে কামদেবের দুই মাছ খেলা করছে - সীতার মুখকমল লজ্জা রজনীকে দেখে বাণীভ্রমরকে রুদ্ধ করেছে। চোখের জল চোখের কোণেই রয়ে গেল, কৃপণের সোনার মত। নিজের এই ব্যাকুলতার জন্যে তিনি সঙ্কোচ বোধ করলেন।

এই প্রত্যয় হৃদয়ে এনে ধৈর্য ধারণ করলেন যে যদি কায়মনোবাক্যে আমার পণ সত্য হয়, যদি রঘুপতির চরণপদ্মে আমার মন লগ্ন হয়, তবে সকলের হৃদয়বাসী ভগবান আমাকে রঘুপতির দাসী করবেন। যার যাতে যথার্থ প্রেম সে তাকে পাবেই এতে কোনো সন্দেহ নেই। প্রভুর দিকে তাকিয়ে প্রেমের পণ নিলেন। কৃপানিধান রাম সব জানলেন। সীতার দিকে তাকিয়ে ধনুকের দিকে কেমন করে তাকালেন? গরুড় ছোট সাপের দিকে যেমন করে তাকায়। লক্ষ্মণ দেখলেন রঘুবংশমণি হরধনুর দিকে তাকালেন। তাঁর দেহ রোমাঞ্চিত হল, চরণে পৃথিবীকে দাবিয়ে রেখে তিনি বললেন - হে দিগ্গজ, কচ্ছপ, শেষনাগ, বরাহ, তোমরা ধৈর্য ধরে ধরণীকে এমনভাবে ধারণ করো যেন না দোলে। রামচন্দ্র হরধনু ভাঙতে চান। তোমরা আমার আদেশ শুনে সজাগ হও। রাম যখন ধনুকের সামনে এলেন, নরনারীরা, দেবতা ও সুকৃতকে স্মরণ করতে লাগলেন। সকলের সংশয় আর অজ্ঞান, মন্দ রাজাদের অভিমান, ভৃগুপতির গর্বভাব, দেবতা ও মুনিদের ব্যাকুলতা, সীতার চিন্তা, জনকের অনুতাপ, রানীদের দারুণ দুঃখ - এ সব হরধনুরূপ জলযান পেয়ে সকলে মিলে একসঙ্গে গিয়ে তাতে চড়ল। তারা রামের বাহুবলরূপ অপার সমুদ্রের পারে যেতে চায়, কিন্তু কোনো মাঝিমাল্লা নেই। রাম সব লোকের দিকে চেয়ে দেখলেন তাঁরা যেন চিত্রার্পিতের মত স্থির। সীতার দিকে চেয়ে কৃপানিধান জানলেন তিনি বিশেষভাবে বিবশ। বৈদেহীকে অত্যন্ত বিহ্বল অবস্থায় দেখলেন - তাঁর এক নিমেষ যেন এক কল্পের মত কাটছিল, তৃষ্ণার্ত জলবিনা প্রাণ ত্যাগ করলে, তার পর অমৃত সরোবর দিয়ে সে কী করবে? খেত শুকিয়ে গেলে বর্ষায় আর কী লাভ? সময় পার হয়ে গেলে অনুশোচনা করে কী হবে? এ কথা মনে করে সীতাকে দেখলেন। প্রভু তাঁর গভীর প্রেম লক্ষ করে প্রীত হলেন। গুরুকে মনে মনে প্রণাম করে অনায়াসে ধনুক তুলে ধরলেন। ধনুক যখন তুললেন তখন তা বিদ্যুতের মত চমকে উঠল, তারপর তা আকাশে মণ্ডলের মত হল। ধনুকটা নিতে, তুলে ধরতে, দৃঢ়তা নিয়ে আকর্ষণ করতে কেউ দেখল না, শুধু দেখল রাম দাঁড়িয়ে আছেন। ঐ মুহূর্তে রাম

ধনুক ভেঙে ফেললেন, তার প্রচন্ড ধ্বনি ভুবন ব্যাপ্ত করল। সারা পৃথিবী ঘোর কঠোর ধ্বনিতে ভরে গেল, সূর্যের ঘোড়া পথ ছেড়ে চলতে লাগল, দিগ্গজেরা বৃংহন ধ্বনি তুলল, পৃথিবী দুলতে লাগল, শেষনাগ, কচ্ছপ এবং বরাহ কাঁপতে লাগল, দেবতা, অসুর আর মুনিরা কানে হাত দিয়ে অধীর হয়ে বিচরণ করতে লাগলেন। তুলসীদাস বলছেন, যখন প্রভু ধনুক ভেঙে ফেললেন, তখন সকলে জয় ধ্বনি তুলল। শিবের ধনুক হল জাহাজ আর রামের বাহুবল হল সমুদ্র। ধনুক ভেঙে যাওয়ায় যারা মোহবশে আগে ঐ জাহাজে চড়েছিলেন তারা সকলে ডুবে গেল।

(রামচরিত মানস অনুবাদ জ্যোতিভূষণ চাকী,
নবপত্র প্রকাশন)

Ramcharit Manas tr. by Jyotibhusan Chaki

Tulsidas is looking at the event from different viewpoints — of the gods and goddesses, of Sita's mother, of the kings, of Sita, and of Lakshman. All these viewpoints have converged and through this convergence the central figure of Ramchandra has emerged as sole object of Bhakti. Tulsidas recreates the mythology around the new theme of Bhakti. Tulsi's use of details for recreation of mythology has no naivete or 'internal polemic'. His words do not 'enter into a dialogically agitated environment of alien words' and do not weave 'in and out of complex inter-relationships'. His form does not destroy the 'homogenizing power of myth over language'. Tulsidas cannot be read as a novel only because all these details and varieties of viewpoints centre round the principal theme of Bhakti and thus are deprived of heteroglossia. There are a plurality of voices but they speak the same language. Tulsidas was a scholar in Sanskrit literature. He takes the model of classical Sanskrit literature where such

detailing of narrative is wound up around a centrally placed event or emotion. We may remember Madanbhasma in the Kumara-sambhava and Indumati's Swayamvara in the Raghuvamsa as examples.

In Krittibas, there is no scope for such remythologization. The structure of the mythology often breaks down there at the uncertain onslaught of the folk. There is no centrality of event or emotion and no viewing of the same thing from different viewpoints. There we often shift from events to event, we make wide de-tours in the narrative, we digress and digress. Consequently we miss the centrality, the continuity and the argument and get the diversity, the discontinuum and the prolific.

In Tulsi, Sita, her mother and Lakshman all look at the bow with the same thought — they want Ram to be successful. Ram and Sita exchange emotions with each other almost in the style of hero and heroine of the classical Sanskrit drama. The metaphors are burdened with the meaning of Ram's godliness.

In Krittibas the digressions create a polyphony, as if every such digression is added to the main plot by a different voice, for a different purpose. Tulsi builds up his poem by gathering together the different aspects of the same bhakti while Krittibas builds up his poem by getting together the diversity of voices interfering with each other. Tulsi has points of comparison with Valmiki, but Krittibas cannot be put to any such comparison. The concentration of a Valmiki-sloka gets lost in the narrative discourse of Krittibas. In Krittibas we often meet the style of Sanskrit

epic, and that stylization ends up into a parody, and that parody again mixes up with fresh stylization. Let us read at least one incident both from Valmiki and Krittibas. Ram is going to the Ashrama of Bharadwaj Muni, along with Sita and Lakshman. In Valmiki, we read :

অনন্তর সূর্যাস্ত হইলে রাম ও লক্ষ্মণ মৃগপক্ষিগণের ভয়োৎপাদনপূর্বক কিয়দ্দূর অতিক্রম করিয়া গঙ্গা ও যমুনার অন্তর্বেদিতে মহর্ষি ভরদ্বাজের আশ্রম প্রাপ্ত হইলেন । দেখিলেন উগ্রতপা ত্রিকালজ্ঞ মহর্ষি অগ্নিহোত্র অনুষ্ঠানপূর্বক শিষ্যগণের সহিত একাগ্রমনে উপবিষ্ট আছেন । রাম তাঁহাকে দর্শন করিয়া লক্ষ্মণের সহিত কৃতাঞ্জলিপুটে অভিবাদন করিলেন এবং জানকীকেও প্রণাম করাইলেন । পরে মহর্ষিকে আত্মপরিচয় প্রদানপূর্বক কহিলেন, —ভগবান: আমরা মহারাজ দশরথের আত্মজ, আমাদের নাম রাম ও লক্ষ্মণ । রাজর্ষি জনকের কন্যা কল্যাণী সীতা আমারই ভার্যা । ইনি এক্ষণে বিজন বনে আমার অনুসরণ করিতেছেন । অনুজ লক্ষ্মণও ব্রতধারণপূর্বক আমার সঙ্গে যাইতেছেন । আমরা পিতার নির্দেশে বনবাসে কালযাপন এবং ফলমূল ভক্ষণপূর্বক ধর্মসাধন করিব ।

মহর্ষি ভরদ্বাজ রামের এইরূপ বাক্য শ্রবণ করিয়া তাঁহাকে স্বাগতপ্রশ্নপূর্বক অর্ঘ্য, বৃষ, নানাপ্রকার বন্য ফল-মূল ও জল প্রদান করিলেন এবং তাঁহার অবস্থিতির নিমিত্ত স্থান নিরূপণ করিয়া অন্যান্য মুনিগণের সহিত তাঁহাকে বেষ্টনপূর্বক উপবিষ্ট হইলেন । অনন্তর কথাপ্রসঙ্গ করিয়া তাঁহাকে কহিলেন, রাম: বহুদিনের পর তোমায় এই আশ্রমে দেখিলাম: তোমাকে যে অকারণ নির্বাসিত করা হইয়াছে, আমি তাহা শুনিয়াছি । যাহাই হউক, এই গঙ্গা-যমুনা-সঙ্গমক্ষেত্র নির্জন, পবিত্র ও রমণীয়, তুমি এক্ষণে পরমসুখে এই স্থানে অবস্থান কর ।

রাম কহিলেন, ভগবন্: এই তপোবনের অদূরে পৌর ও জনপদ লোকসকল বাস করিয়া থাকে ; বোধ হয়, তাহারা আমাকে ও জানকীকে অনায়াসে দেখিতে পাইবে,

জানিলে সততই গমনাগমন করিবে – এই কারণে এই স্থানে আমার তাদৃশ প্রীতিকর হইতেছে না । জানকী যথায় সুখে থাকিতে পারেন, আপনি এমন কোন জনশূন্য আশ্রম আমায় দেখাইয়া দিন ।

ভরদ্বাজ কহিলেন, – রাম: এই স্থান হইতে দশ ক্রোশ দূরে গন্ধমাদনতুল্য চিত্রকূট নামে এক পর্বত আছে । ঐ পর্বতে বিস্তর গোলাঙ্গুল, ভল্লুক ও বানর বাস করিয়া থাকে । উহার শৃঙ্গ দর্শন করিলে মঙ্গল হয় এবং মোহপাশ হইতে মুক্তিলাভ করা যায় । তথায় বহুসংখ্য বৃদ্ধ মহর্ষি শত বৎসর তপঃসাধন করিয়া স্বর্গে আরোহণ করিয়াছেন । আমার বোধ হয়, চিত্রকূটই তোমার পক্ষে নির্জন ও সুখকর হইবে । অথবা যদি তোমার ইচ্ছা হয়, এই আশ্রমে আমারই সহিত কালাতিপাত কর ।

এই বলিয়া মহর্ষি ভরদ্বাজ প্রিয় অতিথি রামকে ভ্রাতা ও ভার্যার সহিত পরিতুষ্ট করিয়া সকল প্রকার উপচারে সৎকার করিলেন । রজনী উপস্থিত হইল, রাম অত্যন্তই পরিশ্রান্ত ছিলেন, তিনি সীতা ও লক্ষ্মণকে লইয়া ঐ তপোবনে পরম সুখে রাত্রিযাপন করিতে লাগিলেন ।

অনন্তর শর্বরী প্রভাত হইলে রাম তেজঃপুঞ্জকলেবর ভরদ্বাজের সন্নিহিত হইয়া কহিলেন, – ভগবন্ : আজ আমরা আপনার আশ্রমে নিশাযাপন করিলাম, এক্ষণে আপনি চিত্রকূটগমনে আমাদিগকে অনুমতি করুন । ভরদ্বাজ কহিলেন, রাম: চিত্রকূটবাস সর্বাংশেই তোমার যোগ্য । ঐ পর্বতে ফল, মূল ও মধু প্রচুর পরিমাণে প্রাপ্ত হইবে । তথায় বিস্তর বৃক্ষ আছে, কিন্নর ও উরগ নিরন্তর বাস করিতেছে । কোকিলের কুহুরব, ময়ূরের কেকাধ্বনি সততই শুনা যাইতেছে । টিটিভকুল কুলায়ে বসিয়া কূজন করিতেছে, মত্ত মৃগ ও হস্তিযূথ দলবদ্ধ হইয়া বেড়াইতেছে । রাম: ঐ স্থানে তুমি সীতার সহিত নদী, প্রস্রবণ ও গিরিগুহায় পরিভ্রমণ করিয়া অত্যন্তই আনন্দিত হইবে ; এক্ষণে সেই শুভজনক সুখকর প্রদেশে গিয়া স্বচ্ছন্দে বাস কর । ....

....অনন্তর তাঁহারা বন হইতে শুষ্ক কাষ্ঠ আহরণ এবং উশীরদ্বারা তাহা বেষ্টন করিয়া ভেলা নির্মাণ করিলেন। মহাবল লক্ষ্মণ জম্বু ও বেতসের শাখা ছেদনপূর্বক জানকীর উপবেশনার্থ আসন প্রস্তুত করিয়া দিলেন। তখন রাম সাক্ষাৎ লক্ষ্মীর ন্যায় অচিন্ত্যপ্রভাবা ঈষৎ লজ্জিতা প্রিয়দয়িতাকে অগ্রে ভেলায় তুলিলেন এবং তাঁহার পার্শ্বে বসনভূষণ, খনিত্র এবং ছাগচর্মসংবৃত পেটক রাখিয়া লক্ষ্মণের সহিত স্বয়ং উত্থিত হইলেন এবং সেই ভেলা অবলম্বন করিয়া প্রীতমনে সাবধানে পার হইতে লাগিলেন। জানকী যমুনার মধ্যস্থলে আসিয়া তাঁহাকে প্রণাম করিয়া কহিলেন, দেবি: আমি তোমায় অতিক্রম করিয়া যাইতেছি, এক্ষণে যদি আমার স্বামী সুমঙ্গলে ব্রত পালন করিয়া অযোধ্যায় প্রত্যাগমন করিতে পারেন, তাহা হইলে সহস্র গো ও শত কলস সুরা দিয়া তোমার পূজা করিব। সীতা কৃতাঞ্জলিপুটে এইরূপ প্রার্থনা করত তরঙ্গবহুলা কালিন্দীর দক্ষিণ তীরে উত্তীর্ণ হইলেন।

পরে সকলে সেই ভেলা পরিত্যাগপূর্বক যমুনাতটের বনস্থল অতিক্রম করিয়া শ্যাম বটের সন্নিহিত হইলেন। জানকী তাঁহাকে প্রণাম করিয়া কৃতাঞ্জলিপুটে কহিলেন, তরুবর: আমার পতি ব্রতকাল পালন করুন, আমরা আবার আসিয়া যেন আর্যা কৌশল্যা ও সুমিত্রাকে দেখিতে পাই, তোমাকে নমস্কার, এই বলিয়া তিনি বটবৃক্ষকে প্রদক্ষিণ করিলেন।

অনন্তর রাম লক্ষ্মণকে কহিলেন, বৎস: তুমি সীতাকে লইয়া অগ্রে গমন কর, আমি সশস্ত্র হইয়া সকলের পশ্চাতে যাইব। দেখ, গমনকালে জানকী যে ফল এবং যে পুষ্প চাহিবেন, যে বস্তুতে ইঁহার স্পৃহা হইবে, তুমি তৎক্ষণাৎ তাহা আনিয়া দিবে।

সীতা যাইতে যাইতে বৃক্ষ, গুল্ম এবং অদৃষ্টপূর্ব পুষ্পগুচ্ছসংশোভিত লতা – যাহা কিছু দেখেন অমনি রামকে জিজ্ঞাসা করেন, লক্ষ্মণও ব্যস্তসমস্ত হইয়া তাহা আনিয়া দেন। তৎকালে তিনি সেই নির্মলজলবাহিনী হংসসারসনাদিনী যমুনাকে দেখিয়া অত্যন্তই আনন্দিত হইতে লাগিলেন।

অনন্তর রাম ও লক্ষ্মণ তথা হইতে ক্রোশমাত্র গমনপূর্বক বহুসংখ্য পবিত্র মৃগ বধ করিয়া বনমধ্যে ভোজন করিলেন এবং মাতঙ্গসঙ্কুল বানরবহুল বিপিনে সুখে বিচরণ করিয়া নিশাকালে সমতল নদীতীরে আশ্রয় লইলেন।

রজনী প্রভাত হইলে রাম লক্ষ্মণকে জাগরিত অথচ তন্দ্রায় আচ্ছন্ন দেখিয়া মৃদুবচনে প্রবোধিত করত কহিলেন, – লক্ষ্মণ: ঐ শুন, বনের পক্ষিসকল মনোহর স্বরে কলরব করিতেছে। এক্ষণে আমাদিগের প্রস্থানের সময় হইয়াছে, চল আমরা গমন করি। তখন লক্ষ্মণ যথাসময়ে প্রবুদ্ধ হইয়া পূর্বদিনের পর্যটনশ্রম পরিত্যাগ করিলেন। অনন্তর সকলে যমুনার জলে স্নান করিয়া ঋষি-নিষেবিত পথে চিত্রকূটাভিমুখে যাইতে লাগিলেন। গমনকালে রাম কমললোচনা জানকীকে কহিলেন, প্রিয়ে: দেখ, বসন্তে পুষ্প বিকাশ-নিবন্ধন কিংশুক বৃক্ষ যেন মাল্য ধারণ করিয়াছে এবং বোধ হইতেছে যেন উহার চতুর্দিক দাবানলে প্রজ্বলিত হইয়া উঠিয়াছে। ঐ দেখ, ভল্লাতক, বিল্ব ফলপুষ্পে অবনত হইয়া আছে, কিন্তু ভোগ করিবার কেহ নাই। প্রতি বৃক্ষে দ্রোণপ্রমাণ মধুক্রম লম্বমান রহিয়াছে। দাত্যূহ চীৎকার করিতেছে, ময়ূর ডাকিতেছে এবং বনস্থল বৃক্ষের স্বয়ং পতিত পুষ্পে আচ্ছন্ন হইয়া আছে। ঐ অদূরে চিত্রকূট পর্বত। উহার শৃঙ্গ অতিশয় উচ্চ, উহাতে হস্তিসকল দলবদ্ধ হইয়া পরিভ্রমণ করিতেছে এবং বিহঙ্গেরা কোলাহল করিয়া চারিদিক প্রতিধ্বনিত করিয়া তুলিয়াছে। লক্ষ্মণ: আমরা এই চিত্রকূটের সমতল রমণীয় কাননে পরম সুখে বিহার করিব।

অনন্তর তাঁহারা পাদচারে কিয়দ্দূর অতিক্রম করিয়া চিত্রকূটে উপস্থিত হইলেন। উপস্থিত হইয়া রাম লক্ষ্মণকে কহিলেন, বৎস: এই পর্বতে ফল-মূল প্রচুর পরিমাণে উপলব্ধ হইবে, ইহার জলও অতি সুস্বাদু। বোধ হয়, এখানে জীবিকার নিমিত্ত আমাদিগকে ক্লেশ স্বীকার করিতে হইবে না। এই স্থানে বহুসংখ্য ঋষি বাস করিয়া আছেন ইহা বাস করিবার যোগ্য স্থান। আইস, আমরা এই চিত্রকূটেই আশ্রয় লইব। এই বলিয়া তাঁহারা মহর্ষি বাল্মীকির আশ্রমে উপস্থিত হইয়া কৃতাঞ্জলিপুটে তাঁহাকে আত্মনিবেদন ও অভিবাদন করিলেন। বাল্মীকিও তাঁহাদিগকে স্বাগতপ্রশ্নপূর্বক অভ্যর্থনা ও সৎকার করিয়া সন্তুষ্ট হইলেন।

অনন্তর রাম লক্ষ্মণকে কহিলেন, বৎস: তুমি এক্ষণে দৃঢ় উৎকৃষ্ট কাষ্ঠ আনিয়া পূর্ব প্রস্তুত কর, চিত্রকূটে বাস করিতে আমার অত্যন্তই অভিলাষ হইয়াছে। লক্ষ্মণ রামের আদেশমাত্র অরণ্য হইতে নানাপ্রকার বৃক্ষ আনিয়া একখানি গৃহ নির্মাণ করিলেন। ঐ গৃহের চতুর্দিক কাষ্ঠাবরণে আবৃত উপরিভাগ পত্রদ্বারা আচ্ছাদিত এবং উহা অতি সুদৃশ্য হইয়াছে, – দেখিয়া রাম পরিচারণপর লক্ষ্মণকে কহিলেন, বৎস: এক্ষণে আমাদিগকে মৃগমাংস আহরণ করিয়া গৃহযোগ করিতে হইবে। যাঁহারা বহুদিন জীবন-ধারণের বাসনা করেন, তাঁহাদিগের বাস্তুশান্তি করা আবশ্যক। অতএব তুমি অবিলম্বে মৃগবধ করিয়া আন। শাস্ত্রনির্দিষ্ট বিধি পালন করা সর্বতোভাবেই শ্রেয় হইতেছে।

তখন লক্ষ্মণ বন হইতে মৃগ বধ করিয়া আনিলেন। তদ্দর্শনে রাম পুনরায় তাঁহাকে কহিলেন, বৎস: তুমি গিয়া এই মৃগের মাংস পাক কর; আমি স্বয়ংই বাস্তু-শান্তি করিব। দেখ, অদ্যকার দিবসের নাম ধ্রুব এবং এই মুহূর্তও সৌম্য, অতএব তুমি এই কার্যে যত্নবান হও। তখন লক্ষ্মণ প্রদীপ্ত বহ্নিমধ্যে পবিত্র মৃগমাংস নিক্ষেপ করিলেন এবং উহা শোণিতশূন্য ও অত্যন্ত উত্তপ্ত হইয়াছে দেখিয়া রামকে কহিলেন, আর্য: আমি এই সর্বাঙ্গপূর্ণ কৃষ্ণবর্ণ মৃগ অগ্নিতে পাক করিয়া আনিলাম, আপনি এক্ষণে গৃহযোগ আরম্ভ করুন।

অনন্তর দেবকার্যনিপুণ গুণবান রাম ধ্যান করিয়া যাগসমাপক মন্ত্রদ্বারা বাস্তু-শান্তি করিলেন এবং দেবগণের পূজা সমাধানান্তে পবিত্র হইয়া গৃহে প্রবিষ্ট হইলেন । তিনি গৃহপ্রবেশ করিয়া পাপহর রৌদ্র, বৈষ্ণব ও বৈশ্বদেব বলি প্রদান করিয়া বাস্তুদোষ-প্রশমন নানাপ্রকার মাঙ্গলিক কার্যের অনুষ্ঠান ও জপ করিতে লাগিলেন ।

এইরূপে দেব কার্যসকল সম্পন্ন হইলে রাম প্রীতমনে বিধিপূর্বক নদীতে স্নান করিয়া তথায় আশ্রমের অনুরূপ চৈত্য আয়তন ও বেদি প্রস্তুত করিয়া রাখিলেন এবং দেবতারা যেমন সুধর্মা নাম্নী দেবসভায় প্রবেশ করেন, সেইরূপ জানকী ও লক্ষ্মণের সহিত যোগ্য স্থানে প্রস্তুত বায়ুসঞ্চার-বিরহিত মনোহর পর্ণকুটিরে প্রবেশ করিয়া বাস করিতে লাগিলেন । রমণীয় চিত্রকূট এবং উৎকৃষ্ট অবতরণপথযুক্ত মৃগপক্ষিশোভিত মাল্যবতী নদীকে লাভ করিয়া তাঁহার আনন্দের আর পরিসীমা রহিল না । তিনি যে অযোধ্যা হইতে নির্বাসিত হইয়াছেন, তৎকালে সেই দুঃখ সম্পূর্ণ বিস্মৃত হইয়া গেলেন ।

(Valmiki Ramayan tr. by Hemchandra Bhattacharya)

In Krittibas, we read :

রাম বলেন ভরদ্বাজ বৈসেন চিত্রকূটে ।
মুনি সম্ভাষিতে বিশ্রাম হইবেক বাটে ॥
মুনিগণ লৈয়া আছেন ভরদ্বাজ ।
তারাগণ মাঝে যেন শোভে দ্বিজরাজ ॥
হেনকালে সেইখানে গেলা তিনজন ।
তিনজন বন্দিলা গিয়া মুনির চরণ ॥
রাম বলেন শুন ভরদ্বাজ মহাশয় ।
তোমার চরণে আমি করি পরিচয় ॥
দশরথের পুত্র আমরা দুইজন ।
আমার নাম শ্রী রাম অনুজ লক্ষ্মণ ॥

বাপের সত্য পালিয়ে হইলাম বনবাসী ।
জনককুমারী সীতা সঙ্গেতে রূপসী ॥
রামের কথা শুনিয়া মুনি উঠিলা সম্ভ্রমে ।
পাদ্য অর্ঘ্য দিয়া পূজা করিলা শ্রীরামে ॥
মুনি বলেন রাম তুমি বিষ্ণু আপনি ।
বিষ্ণু আরাধনে তপ করে সকল মুনি ॥
গঙ্গা যমুনার মধ্যে আমার বসতি ।
বনবাস বঞ্চ এথা থাকিব সংহতি ॥
রাম বলেন অযোধ্যার নিকট বড় পথ ।
এথা থাকিলে আমায় নিতে আসিবে ভরত ॥
এথা হইতে আর কোন দেশ নির্জ্জন ।
লুকাইয়া তথা গিয়া বঞ্চিব তিনজন ॥
মুনি বলেন রাম তুমি কর অবধান ।
যমুনার পার ঐ স্থান নির্ম্মাণ ॥
অনেক মুনি বসতি করে ঐ বটগাছের তলে ।
যত পাখি বনজন্তু বৈসে কুতূহলে ॥
নানা ফুলফল আছে মধুর সুস্বাদ ।
যার গন্ধে খণ্ডে পথশ্রম অবসাদ ॥
মুনি সভার সঙ্গে গিয়া থাক সেই দেশ ।
তথায় গেলে ভরত আর না পাবে উদ্দেশ ॥
সেই দেশে নাহি রাম মনুষ্য সঞ্চার ।
ভেলা বান্ধিয়া রাম যমুনা হও পার ॥

কুড়ি পর যমুনা নদী আছে পরিসর ।
উজেতে না জানে লোক পড়ির বিস্তর ॥ *
এক রাতি এথা রাম রহিলা তিনজন ।
কালি প্রভাতে যাইও মুনির তপোবন ॥
চিত্রকূটে রাম রহিলা তিন রাতি ।
প্রভাতে বিদায় হইয়া চলিলা শ্রীপতি ॥
দুইজনের হাথে বিচিত্র ধনুক বাণ ।
মাঝে সীতা পাছে লক্ষ্মণ আগেতে শ্রীরাম ॥
মুনির পাড়া দিয়া যান সীতা তো সুন্দরী ।
যেইখান দিয়া যান আলো করে পুরী ॥
জয়ন্ত নামে কাক আকাশে উঠিয়া বুলে ।
ঠাকুরাণীর রূপ দেখিয়া ধড়ফড় করে ॥
অচেতন হৈয়া কাক ধরিতে নারে মন ।
দুই পায়ের নখে আঁচড়ে
সীতার দুই স্তন ॥
উহু করিয়া উঠিলা সীতা তো সুন্দরী ।
রাম বলেন লক্ষ্মণকে সীতায়
কে করিল চৌলি ॥
বেদনা পাইয়া সীতা রামের পানে চায় ।
পলাইয়া গেল কাক আঁচড়িয় গায় ॥ *
হেনকালে রামেরে বলেন দেবী সীতা ।
আঁচড়িয়া গেল কাক বড় পাইলু ব্যথা ॥

কাক যারিতে এড়িলা রাম ঐষীক বাণ ।
খেদাড়িয়া যায় কাকে লইতে পরাণ ॥
কৈলাস এড়িয়া কাক অমরাবতী যায় ।
কাক যারিতে বাণ পাছু পানে ধায় ॥
ইন্দ্রের ঠাক্তি গিয়া কাক পাতিলা ধরণ ।
ঐষীক বাণ তখন হইলা ব্রাহ্মণ ॥
ব্রাহ্মণ হইয়া বাণ গেল ইন্দ্রের ঠাক্তি ।
রঘুনাথের বাণ আমি জয়ন্ত কাক চাই ॥
রামের বাণ দেখিয়া ইন্দ্র উঠিলা তখন ।
যোড় হাথে বাণের তরে করেন নিবেদন ॥
বাণ বলে আমার ঠাক্তি নহিবে এড়ান ।
ত্রিভুবনে ব্যর্থ না যায় রঘুনাথের বাণ ॥
কার রাখিতে নারি দেব পুরন্দর ।
জয়ন্ত কাক আনিয়া দিল বাণের গোচর ॥
জয়ন্ত কাক দেখিয়া বুলিল রামের বাণ ।
বিঁধিয়া কাকের কৈল একচক্ষু কান ॥
অপমান পাইয়া কাক গেল আপন দেশে ।
অযোধ্যাকান্ড রচিল পন্ডিত কৃত্তিবাসে ॥

দুই প্রহর সময় রৌদ্রে পোড়ায় পৃথিবী ।
রৌদ্রে চলিতে না পারেন সীতা দেবী ॥
মাঝে সীতা পাছে লক্ষ্মণ আগে শ্রীরাম ।
মুনির পুত্রনি সীতা নিকলিছে ঘাম ॥

কমলে কমলে বেসে রূপসিনী নারী ।
ঘরের বাহির হও নাই পা দুই চারি ॥
রৌদ্রের আতসে সীতার দুই চক্ষু রাতা ।
না চলে চরণ প্রভু আজি রহ এথা ॥
রাম বলেন সীতা তখননি আমি জানি ।
তপোবন কাননে চলিতে নারিবে তুমি ॥
লক্ষ্মণ বলেন সীতা না হইও ব্যাকুল ।
কথ দূর গেলে পাব যমুনার কূল ॥
যমুনা পার হইলে পাইব মুনির দেশ ।
তথা গেলে সীতা আর না পাইবে ক্লেশ ॥
এই কথাবার্তা কহিয়া যান তিনজন ।
প্রবেশ করিলা গিয়া অগস্ত্য কানন ॥
হিঙ্গুলে মন্ডিত সীতার পায়ের অঙ্গুলি ।
রৌদ্রে মিলায় যেন নুনির পুথলি ॥
নুনির পুথলি সীতা পথ বহিতে নারে ।
চলিতে না পারেন সীতা যান ধীরে ধীরে ॥
কাঁটা খোঁচা ডাঙিতে সীতার
রক্ত পড়ে ধারে ।
মুনির আশ্রম সীতা পাইলা কথ দূরে ॥
মুনির বাড়ি দেখিয়া তবে যান তিনজন ।
মুনির ঝি বহু আইল সীতা সম্ভাষণ ॥
রাজার কুমারী দেখি
মধুর তোমার মূর্ত্তি ।
এক কথা জিজ্ঞাসি হের কর অবগতি ॥

নীলকমল যেন নব জলধর ।
দূর্বাদলশ্যাম তনু অতি মনোহর ॥
সুন্দরবরণ দেখি ত্রিভুবনসার ।
আগে যান মহাশয় কে হন তোমার ॥
কমলনয়ন মুখ ভুজঙ্গ চিত ।
পুলকে পূর্ণিত গণ্ড হাসি হরষিত ॥
লাজে হেট মুখ সীতা না বলেন আর ।
ইঙ্গিতে বলিলা সীতা স্বামী আমার ॥
কমলিনী সীতা পথ বহে ধীরে ধীরে ।
তিনজন গেলা তবে যমুনার তীরে ॥
যমুনার জল গভীর পাতাল প্রমাণ ।
রাম দেখিয়া জল হইল হাটুর সমান ॥
না জানিয়া ভেলা তায় বাঁধিলা লক্ষ্মণ ।
হাটুপানি পার হৈয়া গেলা তিনজন ॥
রাম দেখিয়া মুনি সব বলেন বচন ।
তপস্বী বেশ কেনে দেখি তিনজন ॥
রাম বলেন বাপের আজ্ঞায়
আইলাম বনবাসে ।
চৌদ্দ বৎসর আমি থাকিব বনবাসে ॥
চৌদ্দ বৎসর আমি থাকিব
তপস্বীর বেশে ।
যমুনার পার রাম রহিলা বনবাসে ॥

Valmiki describes every incident in detail and according to protocol : How do Ram, Sita and Lakshman walk, how are they received by Bharadwaj, what exchanges take place between the exiled prince and the Muni, as if both of them are used to such exigencies as fourteen years' exile for Ram and his search for an abode, what presentations are offered by Bharadwaj to Ram in accordance with their official positions. Bharadwaj is so correct that even after suggesting Chitrakut as Ram's convenient abode in exile, he does not forget to repeat that if Ram so likes he may as well put up with him. The overnight stay in the Bharadwaj - Ashrama and departure the next morning is courteous and ritualistic. Ram, Lakshman and Sita cross the Jamuna as if in a predetermined course on entering it Ram describes Chitrakut in such a language as if they had reached their intended place. There is no surprise, nothing unexpected happens in their journey from Ayodhya to Chitrakut.

In Krittibas, the epic calm is broken by accidents and unexpected encounters. Ram, Sita and Lakshman are facing a situation of which they have no experience. In Krittibas, we get all information that is exchanged between Bharadwaj and Ram but we do not get those garnished with courtly courtesies and ascetical meanners. In Krittibas we do not see the protocol at work. We get in Krittibas what we do not have in the epic - the measure of the width of Jamuna, Sita's physical condition during the unusual walk, the crowd of women around Sita while they are passing through 'মুনির পাড়া'। Krittibas brings in a crow and gives him a name. The crow is so sexually roused at the sight of Sita that it exposes

one of Sita's breasts with his claws. The queer sexplay ends up in the court of Indra. In Krittibas Sita is sweating as if made of salt, blood oozes from the wounds of her feet. There is a crow in Raghubansha behaving almost in the same manner but Krittibas has extended that into an episode.

This parody and burlesque in Krittibas do in no way affect the Siddha Rasa of Ramayana. This parody and burlesque are recognised as a form of literature parallel to the canonized literature. Ram, Sita or Lakshman or other characters of the epic are not the target of this parody and the mimicry. Their acceptance as epic characters is never questioned. But they provide the pretext. The folk and the burlesque, the mimic and the parody bring the heteroglossia and polyphony in the world of epic equanimity and monoglossia. It is the repulsion of the Sanskrit, 'not of a thing, but rather of a conceptualizing discourse that had made a home for itself in all the higher reaches of national ideological thought processes'. (Bakhtin)

We understand these to be elements of the novel in the old narrative literature. So far, the historians have read this parody and burlesque in the Bengali Ramayana, Mahabharata, Bhagavata orthe Mangalkavyas as unnecessary interpolations that break the continuity of the main story and make the characters lose their centre of gravity. Now, we can see that through these chinks in the formal literature, the novel enters. Every Mangalkavya is divided into two parts, Deva Khanda and Nara Khanda. There is almost no link between these parts. But the parts taken separately render

an autonomous reading. Through these irrelevancies, digressions, detours, the novel enters into the body of the formal narrative, and creates a continuum of its own for the narrative.

The form of the novel becomes historically necessary when the multistoreyed reality requires a single plane to be presented. The novel cannot be completed with a singlestoreyed reality. The novel in that sense cannot have any principal character or main story. The novel always digresses, detours, parodies. The first novelists of Europe did not know what they were going to write. They only knew that what they were writing was not lyric or epic or dramatic, but something different. So, in the first novels of Europe we find the use of multipronged forms - the use of irrelevancies, the digressions, the dialogues, the detours.

Similarly, in the old narrative literature in Bengali :

> Each separate element in it - parodic dialogue, scenes from everyday life, bucolic humour, etc. - is presented as if it were a fragment of some kind of unified whole. I imagine the whole to be something like an immense novel, multi-generic, multi-styled, mercilessly critical, soberly mocking, reflecting in all its fullness the heteroglossia and multiple voices to a given culture, people and epoch. In the huge novel - in the mirror of constantly evolving heteroglossia -- any direct word and especially that of the dominant discourse is reflected as something more or less bounded, typical, and characteristic of a particular era, aging, dying, ripe for change and renewal. (Bakhtin)

In Bharatchandra's Annadamangal in the 18th century, we find that this narrative speech, the parody and the burlesque are being assimilated in a separate genre of literature. "Annada Mangal" is not a mangalkavya as per definition, excepting in its name and outer form. But the outer form has also changed. In the style of the Mangal poets, Bharatchandra also gives an account of his life, of how the story is ordered by the goddess to be written, but these are simultaneously a tradition to follow and a tradition to parody. Bharatchandra does not receive his story from society or from any collective. He thrusts his story on society or the collective. His theme is to sing the glory of his patron Krishna Chandra Ray. He is discovering a divine genealogy for this human being. Bharat Chandra makes no secret of it. He in his stylized language mixed with Arabic words, describes Annada's journey to Bhabananda Majumdar's place and Man Singh's march towards Bengal in the same continuity. His story enters into the cave-way following Sundar's secret erotic journey to meet Vidya and comes out easily in the battleground between Pratapaditya and Man Singh. In premodern narrative literature Annadamangal is a different narrative where irrelevance, digression, parody and burlesque have been made a conscious part of the form.

The British were conquering India when Bharat Chandra was writing Annadamangal, the -almost-a-novel. A hundred years after both these events, Bankimchandra discovered a model for the Bengali novel in a particular variety of the English novel and the disjunction with old Bengali narrative literature was complete. The prehistory of the Bengali novel could not enter its historical phase. And the history of the new Bengali novel could not begin from a prehistory of its own.